# অফিসার্স ক্লাব ঢাকা

# ২০২৪-২০২৫ মেয়াদে নির্বাহী কমিটির নির্বাচন সংক্রান্ত

# বিজ্ঞপ্তি ও তফসিল


অফিসার্স ক্লাব ঢাকা

২৬ বেইলি রোড

ফোন : ০২২২২২২২৮৯৫৮ , ০২২২২২২২৬৬৭৭

# অফিসার্স ক্লাব ঢাকা

## ২৬ বেইলি রোড

## নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি ও তফসিল

স্মারক নং-অ.ক্লা.ঢা/নি.ক.১

তারিখ : ১৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ / ২৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

১। (ক) অফিসার্স ক্লাব ঢাকা'র নির্বাহী কমিটির ২০২২-২০২৩ মেয়াদের ০৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় ক্লাবের ২০২৪-২০২৫ মেয়াদের জন্য নির্বাহী কমিটির নির্বাচন পরিচালনার দায়িত্ব ক্লাব গঠনতন্ত্রের ১৬ ক (২) ধারা অনুযায়ী নিম্নোক্তভাবে গঠিত নির্বাচন কমিশনের উপর ন্যস্ত করা হয়েছে :

| | | |
|---|---|---|
| (১) জনাব মোঃ আবদুল হান্নান | - | প্রধান নির্বাচন কমিশনার |
| (২) জনাব মোঃ সোহরাব হোসাইন | - | নির্বাচন কমিশনার |
| (৩) শেখ ইউসুফ হারুন | - | নির্বাচন কমিশনার |

(খ) আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ শুক্রবার সন্ধ্যা ৬-৩০ মিনিট হতে রাত ১০-৩০ মিনিট পর্যন্ত ক্লাব মিলনায়তন ভবনে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হবে।

২। ভোটার:

(ক) ক্লাব গঠনতন্ত্রের নিম্নে বর্ণিত উপানুচ্ছেদ ১৬(৫) এবং সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী ক্লাবের সদস্যবৃন্দ নির্বাচনে ভোটার বলে বিবেচিত হবেন:

উপানুচ্ছেদ ১৬(৫): "ক্লাবের যে কোন সাধারণ সভায় প্রত্যেক সদস্যের অংশগ্রহণের অধিকার থাকিবে;

তবে শর্ত থাকে যে, স্থায়ী সদস্য ব্যতীত অন্য কোন সদস্যের ভোটাধিকার থাকিবে না: আরও শর্ত থাকে যে, সাধারণ সভা অনুষ্ঠানের ৩০ (ত্রিশ) দিন পূর্ব পর্যন্ত যদি কোন স্থায়ী সদস্যের কাছে মাসিক চাঁদা অথবা অন্যান্য চাঁদা ও মাশুলাদি বাবদ ২০০/- (দুইশত) টাকার অধিক বকেয়া পাওনা হয়, সেই ক্ষেত্রে উক্ত সদস্যের ভোটাধিকার থাকিবে না।"

(খ) উক্ত উপানুচ্ছেদ অনুযায়ী আগামী ২৩ জানুয়ারি ২০২৪ তারিখ মঙ্গলবার রাত ১২-০০ টার মধ্যে যে সকল সদস্য তাঁদের নিকট পাওনা (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বকেয়া পরিশোধ করবেন এবং বিধি অনুযায়ী যে সম্মানিত সদস্যগণের মাসিক চাঁদা মওকুফ হয়েছে কেবল সে সকল সদস্য নির্বাহী কমিটির নির্বাচনে ভোটার হবার যোগ্যতা অর্জন করবেন, তবে অন্যান্য চাঁদা বাবদ তাঁদের নিকট ২০০.০০ টাকার কম বকেয়া থাকলেও তিনি ভোটার হবেন।

(গ) আরো শর্ত থাকে যে, যে সকল সম্মানিত ক্লাব সদস্যের বয়স নির্বাহী কমিটির নির্বাচনের নির্ধারিত তারিখের ৩০ দিন পূর্বে ৬৫ বৎসর অতিক্রম করিয়াছে সেই সকল সম্মানিত সদস্যের মাসিক চাঁদা মওকুফ বলিয়া গণ্য হইবে। তবে মাসিক চাঁদা ব্যতীত খেলাধুলাসহ অন্যান্য ফি যথারীতি বহাল থাকিবে।

৩। প্রার্থী:

(ক) ক্লাব গঠনতন্ত্রের ১৪ অনুচ্ছেদের ৩ উপানুচ্ছেদের ক-তে নির্বাহী কমিটির নির্বাচনে প্রার্থী হওয়ার ক্ষেত্রে নিম্ন বর্ণিত বিধান রয়েছে:

"প্রতি দু'বছর পর পর অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় ঢাকায় চাকুরীরত ও অবসরপ্রাপ্ত স্থায়ী সদস্যগণের মধ্য হইতে চেয়ারম্যান ব্যতীত নির্বাহী কমিটির অন্যান্য কর্মকর্তা ও সদস্যবৃন্দ নির্বাচিত হইবেন।

তবে শর্ত থাকে যে, কোন স্থায়ী সদস্য ইতোমধ্যে যিনি অব্যাহতভাবে একই পদে পর পর দুইবার নির্বাহী কমিটিতে নির্বাচিত থাকিয়া দায়িত্ব পালন করিয়াছেন তিনি পরবর্তী নির্বাচনে উক্ত পদে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

*অপর পাতায়/২*

আরও শর্ত থাকে যে, কোন স্থায়ী সদস্য ইতোমধ্যে যিনি অব্যাহতভাবে একই পদে পর পর দুইবার নির্বাহী কমিটিতে নির্বাচিত হইয়া দায়িত্ব পালন করিয়াছেন, তিনি পরবর্তী নির্বাচনে নির্বাহী কমিটির অন্য যে কোনো পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য উপযুক্ত/যোগ্য বিবেচিত হইবেন।”

(খ) ক্লাব গঠনতন্ত্রের ১৪ অনুচ্ছেদের ৩ উপানুচ্ছেদের খ-তে নির্বাহী কমিটির নির্বাচনে প্রার্থী হওয়ার ক্ষেত্রে নিম্ন বর্ণিত বিধান রয়েছে:

“এই ক্লাবের কোন স্থায়ী সদস্য যদি নির্বাহী কমিটি (Executive Committee)-তে কোন পদে নির্বাচন করিতে ইচ্ছা পোষণ করেন, তাহা হইলে সেই সদস্যের কমপক্ষে ২(দুই) বৎসরের সদস্যপদ থাকিতে হইবে।”

উক্ত বিধানের পরিপ্রেক্ষিতে ২৩ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে যাঁরা ক্লাবের সদস্য হয়েছেন শুধু তাঁরাই আসন্ন নির্বাহী কমিটির ২০২৪-২৫ মেয়াদের নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য যোগ্য হবেন।

(গ) নির্বাচন বিধিমালা এর ৫ ধারার বিধান নিম্নরূপ:

“১। যিনি ভোটার হইবার যোগ্য হইবেন না তিনি নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না;

২। চাকরিরত সদস্য যিনি পদায়নক্রমে ঢাকায় কর্মরত নন কিংবা প্রেষণের আদেশ বলে ঢাকায় কর্মরত থাকিবেন না তিনি নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না;

৩। যাহার ক্লাবের সদস্যপদের মেয়াদ কমপক্ষে দুই বছর পূর্ণ হয় নাই তিনি নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না।”

৪। নির্বাচন তফসিল নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | তারিখ ও সময় | কার্যক্রম গ্রহণ |
|---|---|---|---|
| ১। | খসড়া ভোটার তালিকা প্রকাশ | ২৮ জানুয়ারি ২০২৪<br>রবিবার<br>সন্ধ্যা ৬-০০ মিনিট | নির্বাচন কমিশন |
| ২। | মনোনয়ন ফরম সংগ্রহ | ২৯ জানুয়ারি ২০২৪<br>সোমবার<br>রাত ৮-০০ মিনিট হতে মনোনয়ন ফরম ক্লাব অফিসে পাওয়া যাবে। | রিটার্নিং অফিসার |
| ৩। | খসড়া ভোটার তালিকার বিষয়ে কোন আপত্তি থাকলে তা গ্রহণ ও নিষ্পত্তি | ৩০ জানুয়ারি ২০২৪<br>মঙ্গলবার<br>বিকাল ৪-০০ মিনিট পর্যন্ত | নির্বাচন কমিশন |
| ৪। | ক্লাব নোটিশ বোর্ডে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ৩১ জানুয়ারি ২০২৪<br>বুধবার<br>রাত ৮-০০ মিনিট | নির্বাচন কমিশন |
| ৫। | মনোনয়নপত্র জমাদান | ১ ফেব্রুয়ারি ২০২৪<br>বৃহস্পতিবার<br>বিকাল ৫-৩০ মিনিট হতে রাত ৮-৩০ মিনিট পর্যন্ত | (ক) সংশ্লিষ্ট প্রার্থী/প্রার্থীগণের প্রতিনিধি (ক্লাব গঠনতন্ত্রের ১৪(১) ধারায় বর্ণিত নিম্নোক্ত পদসমূহের জন্য নির্ধারিত মনোনয়নপত্র ফরম পূরণ করে গালাসীল যুক্ত খামের উপর পদের নাম লিখে ক্লাব অফিসে জমা দিয়ে রশিদ গ্রহণ করবেন:<br>১। ভাইস চেয়ারম্যান - ৩ টি পদ<br>২। সাধারণ সম্পাদক - ১ টি পদ<br>৩। কোষাধ্যক্ষ - ১ টি পদ<br>৪। যুগ্মসম্পাদক - ৩ টি পদ<br>৫। সদস্য - ১৪ টি পদ)<br>(খ) রিটার্নিং অফিসার |

*অপর পাতায়/৩*

| ক্রমিক নং | বিবরণ | তারিখ ও সময় | কার্যক্রম গ্রহণ |
|---|---|---|---|
| ৬। | মনোনয়নপত্র বাছাই<br>ও<br>বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | ২ ফেব্রুয়ারি ২০২৪<br>শুক্রবার<br>বিকাল ৫-৩০ মিনিট | রিটার্নিং অফিসার |
| ৭। | (ক) বাতিলকৃত মনোনয়ন পত্রের বিরুদ্ধে আপীল দায়ের। | ৩ ফেব্রুয়ারি ২০২৪<br>শনিবার<br>বিকাল ৫-৩০ মিনিট পর্যন্ত | সংশ্লিষ্ট প্রার্থী |
| | (খ) আপীল শুনানী ও নিষ্পত্তি | ৪ ফেব্রুয়ারি ২০২৪<br>রবিবার<br>সন্ধ্যা ৬-০০ মিনিট | নির্বাচন কমিশন |
| ৮। | মনোনয়নপত্র প্রত্যাহার | ৫ ফেব্রুয়ারি ২০২৪<br>সোমবার<br>বিকেল ৪-০০ মিনিট<br>হতে<br>সন্ধ্যা ৬-০০ মিনিট পর্যন্ত | সংশ্লিষ্ট প্রার্থী |
| ৯। | প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ৬ ফেব্রুয়ারি ২০২৪<br>মঙ্গলবার<br>সন্ধ্যা ৭-০০ মিনিট | রিটার্নিং অফিসার |
| ১০। | প্রার্থীদের পরিচিতি সম্বলিত ব্রসিউর তৈরী, ছাপানো ও বিতরণ | ৭ হতে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ | নির্বাচন কমিশন |
| ১১। | প্রার্থীদের পরিচিতি সভা | ১৭ ফেব্রুয়ারি ২০২৪<br>শনিবার<br>সন্ধ্যা ৬-০০ মিনিট | নির্বাচন কমিশন |
| ১২। | নির্বাচনের তারিখ, সময় ও স্থান | ২৩ ফেব্রুয়ারি ২০২৪<br>শুক্রবার<br>সন্ধ্যা ৬-৩০ মিনিট<br>হতে রাত ১০-৩০ মিনিট<br>পর্যন্ত<br>(ক্লাব মিলনায়তন ভবন) | রিটার্নিং অফিসার |
| ১৩। | ভোট গণনা ও ফলাফল ঘোষণা | ২৩ ও ২৪ ফেব্রুয়ারি ২০২৪<br>শুক্রবার ও শনিবার<br>(নির্বাচন সমাপ্তির পরপরই ভোট গণনা শুরু হবে এবং গণনা শেষে ফলাফল ঘোষণা করা হবে) | রিটার্নিং অফিসার |

৫। নির্বাচনে ভোটার ও প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের জন্য করণীয় :

(ক) "নির্বাচন বিধিমালা" অনুযায়ী ২০২৪-২৫ মেয়াদের নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারদ্বয় নির্বাচন পরিচালনার সার্বিক দায়িত্বে থাকবেন।

(খ) প্রত্যেক ভোটারকে ক্লাবের সরবরাহকৃত পরিচয় পত্র সঙ্গে আনতে হবে। ভোট কেন্দ্রে প্রবেশের পূর্বে সম্মানিত ভোটারবৃন্দকে ক্লাবের পরিচয় পত্র দেখাতে হবে। যাঁরা এ যাবৎ পরিচয় পত্র সংগ্রহ করেননি তাঁদেরকে ক্লাব অফিসে

*অপর পাতায়/৪*

২(দুই) কপি স্ট্যাম্প সাইজ ফটো জমা দিয়ে পরিচয় পত্র সংগ্রহ করতে হবে। যুক্তিসঙ্গত কোন কারণে নির্বাচনের সময় কোন সদস্য পরিচয় পত্র দেখাতে না পারলে এ বিষয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

গ) নির্বাচনে অংশগ্রহণের জন্য নিধারিত মনোনয়নপত্র ক্লাব অফিস থেকে সংগ্রহ করতে হবে। প্রতিটি মনোনয়নপত্রের মূল্য বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা পরিশোধ করতে হবে। প্রত্যেক প্রার্থী একটি পদের জন্য সর্বাধিক তিনটি মনোননয়নপত্র দাখিল করতে পারবেন।

(ঘ) ভোটার তালিকা প্রতি সেট ২,০০০/- (দুই হাজার) টাকা মূল্যে ক্লাব অফিস থেকে সংগ্রহ করা যাবে।

(ঙ) নির্বাচনে প্রতিদ্বন্দ্বী/অংশগ্রহণকারীকে প্রতি পদের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা মাত্র জামানত (অফেরতযোগ্য) হিসেবে পরিশোধ করতে হবে। জামানতের টাকা জমা দেয়ার রশিদ মনোনয়নপত্রের সঙ্গে অবশ্যই সংযুক্ত করতে হবে, অন্যথায় মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) নির্বাচন বিধিমালার বিধি ১১(৩) মোতাবেক প্রত্যেক প্রার্থী মনোনয়নপত্রের সাথে নির্বাচন বিধিমালা মেনে চলবেন মর্মে নমুনা অনুযায়ী একটি অঙ্গীকারনামা দাখিল করবেন। মনোনয়নপত্রের সঙ্গে উল্লিখিত অঙ্গীকারনামা দাখিল করা না হলে নির্বাচন বিধিমালার ১১(৪) বিধির বিধান অনুসারে রিটার্নিং অফিসার কোন মনোনয়ন পত্র গ্রহণ করবেন না।

(ছ) সামগ্রিকভাবে নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(জ) নির্বাচনের দিন ডিউটি পাস ছাড়া ক্লাবের সদস্য নন এমন কোন ব্যক্তি ক্লাব চত্বরে প্রবেশ/অবস্থান করতে পারবেন না।

(ঝ) "নির্বাচনী প্রচারণা ও নির্বাচনকালীন আচরণ **(নির্বাচন বিধিমালা এর ধারা ২৭ ক):**

(১) নির্বাচনের তফসিল ঘোষণার পর প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ বা তাঁহাদের পক্ষে কোন ক্লাব সদস্য ক্লাব প্রাঙ্গণে কোন নির্বাচনী সভা/সমাবেশের মাধ্যমে ভোটারদের লক্ষ্য করিয়া বা তাঁহাদিগকে উদ্দেশ্য করিয়া কোন বক্তব্য রাখিতে পারিবেন না;

(২) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ বা তাঁহাদের পক্ষে কোন ক্লাব সদস্য অথবা সদস্য নন এমন অন্য কোন ব্যক্তি প্রচারের উদ্দেশ্যে যে কোনরূপ দেওয়াল লিখন, ব্যানার বা পোস্টার প্রকাশ ও ব্যবহার করিতে পারিবেন না;

(৩) প্রত্যেক প্রার্থী নিজ স্বাক্ষরিত এবং ইচ্ছা করিলে ছবি সম্বলিত একটি পত্র কেবল একবার ক্লাব সদস্য ভোটারদের নিকট প্রেরণ করিতে পারিবেন। উক্ত পত্রে প্রার্থী কেবল নিজের প্রার্থীতার পক্ষে বক্তব্য উপস্থাপন করিতে পারিবেন, অন্য কাহারো সম্পর্কে কোন ধরনের প্রশংসা বা কটূক্তি করিতে পারিবেন না। প্রার্থীর পক্ষে কোন ক্লাব সদস্য বা ক্লাব সদস্য নন এমন অন্য কোন ব্যক্তি এ ধরনের পত্র প্রেরণ করিতে পারিবেন না;

(৪) প্রত্যেক প্রার্থী ইচ্ছা করিলে সর্বোচ্চ তিনবার এস.এম.এস. (S.M.S.) প্রেরণ করিয়া ক্লাব সদস্য ভোটারদের নিকট ভোট চাহিতে পারিবেন;

(৫) নির্বাচনের তারিখে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ বা তাঁহাদের পক্ষে অন্য কোন ব্যক্তি এককভাবে বা সম্মিলিতভাবে ভোটারদেরকে উদ্দেশ্য করিয়া কোন ক্যানভাস করিতে পারিবেন না বা কোন প্রচারণামূলক বা অনুরূপ কোন মুদ্রিত পুস্তিকা, লিফলেট বা নেমকার্ড বিতরণ করিতে পারিবেন না;

(৬) নির্বাচনের তফসিল ঘোষণার পর হইতে নির্বাচনের পূর্ব দিন পর্যন্ত কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর পক্ষে তাহার নিকট আত্নীয় বা ক্লাব সদস্য নন এমন কোন ব্যক্তি ক্লাব প্রাঙ্গণে কোন প্রকার নির্বাচনী প্রচারণা করিতে পারিবেন না;

(৭) নির্বাচনে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী বা তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তি ক্লাব প্রাঙ্গণে বা ক্লাব সংলগ্ন ক্লাবের বাহিরের রাস্তায় কোন ব্যানার বা পোস্টার টাঙ্গাইতে পারিবেন না বা দেয়ালে লিখিতে পারিবেন না বা নির্বাচনী প্যাভিলিয়ন নির্মাণ করিতে পারিবেন না;

(৮) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ, প্রার্থীর পক্ষে কোন ক্লাব সদস্য বা ক্লাব সদস্য নন এমন কোন ব্যক্তি বা প্রার্থীর স্ত্রী, সন্তান বা কোন নিকট আত্নীয় তাঁহাদের পক্ষে ভোট প্রাপ্তির উদ্দেশ্যে ক্লাবের বাহিরে কোন আবাসিক এলাকায় প্রচার করিতে পারিবেন না;

(৯) প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ বা তাঁহাদের পক্ষে কোন ক্লাব সদস্য অথবা সদস্য নন এমন অন্য কোন ব্যক্তি

*অপর পাতায়/৫*

ভোট প্রাপ্তির উদ্দেশ্যে কোন ভোটারকে কোন ধরনের উপঢৌকন প্রদান করিতে পারিবেন না;

(১০) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের পরিচিতি ও প্রচারণার জন্য প্রার্থীদের ছবিসহ সংক্ষিপ্ত পরিচয় সম্বলিত একটি ব্রসিউর নির্বাচন কমিশনের তত্ত্বাবধানে প্রকাশ করা হইবে;

(১১) নির্বাচন কমিশনের ব্যবস্থাপনায় ক্লাব প্রাঙ্গণে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের পরিচিতি সভা অনুষ্ঠিত হইবে। পরিচিতি সভায় প্রত্যেক প্রার্থী নির্বাচন কমিশন কর্তৃক বরাদ্দকৃত নির্দিষ্ট সময় পর্যন্ত নিজের পরিচিতিমূলক বক্তব্য উপস্থাপন করিতে পারিবেন।”

(ঞ) নির্বাচন বিধি লঙ্ঘনের বিরুদ্ধে গৃহীতব্য ব্যবস্থা **(নির্বাচন বিধিমালা- এর ধারা ২৭ খ):**


(১) কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী নির্বাচন বিধি লঙ্ঘন করিলে রিটার্নিং অফিসার স্ব-উদ্যোগে অথবা প্রাপ্ত কোন অভিযোগের পরিপ্রেক্ষিতে বিষয়টি যাচাই করিয়া প্রার্থী কর্তৃক নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের কোন প্রমাণ পাইলে রিটার্নিং অফিসার তাঁহাকে প্রথমবারের মতো লিখিতভাবে সতর্ক করিবেন এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনে প্রেরণ করিবেন;

(২) ১ নং উপবিধিতে বর্ণিত পদ্ধতিতে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে প্রথমবার লিখিতভাবে সতর্ক করিবার পরও যদি তাঁহার বিরুদ্ধে দ্বিতীয়বার আচরণবিধি লঙ্ঘন করিবার অভিযোগ প্রমাণ হয়, তাহা হইলে রিটার্নিং অফিসার প্রার্থী বরাবর লিখিতভাবে বিস্তারিত উল্লেখ করিয়া উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করিতে পারিবেন। প্রার্থীতা বাতিল বিষয়ক উক্ত পত্রের একটি অনুলিপি তিনি নির্বাচন কমিশনে প্রেরণ করিবেন।”

(ট) প্রার্থীদের ছবিসহ সংক্ষিপ্ত পরিচয় সম্বলিত একটি ব্রসিউর নির্বাচন কমিশনের তত্ত্বাবধানে প্রকাশ করা হবে। প্রার্থীদেরকে মনোনয়নপত্র জমা দেয়ার দিন ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ অনধিক ২৫০ (দুইশত পঞ্চাশ) শব্দের মধ্যে তাঁদের পরিচিতি বিষয়ক বিবরণীর হার্ড ও সফ্‌ট কপি (SutonnyMJ font-এ) নির্বাচন কমিশনে জমা দিতে হবে। প্রয়োজনবোধে পরিচিতি বিবরণীতে যে কোন সংশোধন/পরিবর্তন করার ক্ষমতা নির্বাচন কমিশনের থাকবে। ব্রসিউর প্রকাশের খরচ হিসেবে প্রত্যেক প্রার্থী ক্লাব অফিসে ৪,০০০/- (চার হাজার) টাকা জমা দিয়ে রশিদ গ্রহণ করবেন।

(ঠ) ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ এবং ম্যানুয়ালি ভোট গণনা করা হবে। প্রার্থী পরিচিতি সভায় এ পদ্ধতিতে ভোটদানের বিষয়ে সদস্যদের অবহিত করা হবে।

৬। অফিসার্স ক্লাব ঢাকা এর নির্বাহী কমিটির ২০২৪-২৫ মেয়াদের নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনায় নির্বাচন কমিশন ক্লাবের সম্মানিত সকল সদস্যের সহৃদয় ও আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছে।



(মোঃ আবদুল হান্নান)
প্রধান নির্বাচন কমিশনার
অফিসার্স ক্লাব ঢাকা।

অনুলিপি কার্যার্থে:

১। রিটার্নিং অফিসার, নির্বাহী কমিটির ২০২৪-২০২৫ মেয়াদের নির্বাচন, অফিসার্স ক্লাব ঢাকা।
২। সকল সদস্য, অফিসার্স ক্লাব ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। চেয়ারম্যান, অফিসার্স ক্লাব ঢাকা ও মন্ত্রিপরিষদ সচিব।
২। সাধারণ সম্পাদক, অফিসার্স ক্লাব ঢাকা।